

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 29 June, 2025

গাজায় ইসরাইল সমর্থিত ত্রাণকেন্দ্রগুলোর আশপাশে বেসামরিক মানুষের মৃত্যুর ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছে ফ্রান্স। একইসঙ্গে, খাদ্য বিতরণের নিরাপত্তা নিশ্চিত করতে ফ্রান্স ও ইউরোপ প্রস্তুত বলেও জানিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী জঁ-নোয়েল ব্যারো।

শনিবার (২৮ জুন) ফ্রান্স টুয়েন্টিফোরের এক প্রতিবেদনে বলা হয়,

“গাজায় নিরাপদভাবে খাদ্য সহায়তা পৌঁছে দিতে ফ্রান্স সহযোগিতা করতে প্রস্তুত। এই পদক্ষেপ ইসরাইলের সেই আশঙ্কাও দূর করবে, যে সশস্ত্র গোষ্ঠীগুলো—যেমন হামাস—ত্রাণ দখল করে নিচ্ছে।”

ফরাসি মন্ত্রী গাজায় অন্তত ৫০০ বেসামরিক মানুষের মৃত্যুতে গভীর ক্ষোভ প্রকাশ করেছেন।

এই ঘটনাগুলো নিয়ে আন্তর্জাতিক চাপ ও সমালোচনা বাড়তে থাকলেও ইসরাইল দাবি করছে, বিষয়গুলো অতিরঞ্জিত এবং একপাক্ষিক।

শুক্রবার ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু দৈনিক হারেৎসের এক প্রতিবেদনকে “মিথ্যা রক্ত অপবাদ” বলে আখ্যা দেন। ওই প্রতিবেদনে দাবি করা হয়েছিল, ইসরাইলি সেনা কর্মকর্তারা গাজায় ত্রাণ নিতে আসা মানুষদের লক্ষ্য করে গুলি চালানোর নির্দেশ দিয়েছিলেন।

মানবিক সংগঠন ডাক্তারস উইদাউট বর্ডারস (□□□) এ বিষয়ে আরও কঠোর ভাষায় বলেছে,

“ত্রাণ বিতরণের নামে এটি আসলে মানবিক সহায়তার ছদ্মবেশে গণহত্যা।”

জাতিসংঘের মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস বলেন,

“গাজায় যারা খাদ্যের সন্ধানে আসছে, তাদের মৃত্যুদণ্ডের মুখোমুখি হওয়া উচিত নয়।”

হামাস-নিয়ন্ত্রিত গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্যমতে, মে মাসের শেষ থেকে এ পর্যন্ত অন্তত ৫০০ জন খাদ্য বিতরণ কেন্দ্রে হামলার সময় নিহত হয়েছেন।

ফ্রান্স গাজা ইসরাইল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 22:40

URL: <https://www.timesodaybd.com/international/7758073887>